# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 20 April, 2025

সীমাবদ্ধতা মেনে দায়িত্ব পালনে বিচারকদের সর্বোচ্চ চেষ্টা করার আহ্বান জানিয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, বিচার ব্যবস্থাকে আরও সহজ করতে হবে।সুবিধা না পেলেও বিচারকদের দায়িত্ব পালন করতে হবে।রোববার (২০ এপ্রিল) সকালে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে সহকারী জজ বা সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য আয়োজিত '৫০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের' উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

বিচারকদের কোনো আর্থিক দুর্নীতিতে না জড়ানোর আহ্বান জানিয়ে আইন উপদেষ্টা বলেন, বিচারকদের অন্যায়-অবিচার করার কোনো সুযোগ নেই।সুবিধার সঙ্গে দায়িত্ব পালনের কোনো সম্পর্ক নেই।সুবিধা না পেলেও বিচারকদের দায়িত্ব পালন করতে হবে।

ড. আসিফ নজরুল বলেন, বিচার বিভাগেও সীমাবদ্ধতা আছে।তবে সীমাবদ্ধতা মেনে সর্বোচ্চ চেষ্টা করতে হবে। বিচার ব্যবস্থাকে আরও সহজ করতে হবে। বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট এমনভাবে প্রস্তুত করতে হবে যেন উপমহাদেশের অন্যান্য দেশগুলো থেকে প্রশিক্ষণার্থীরা বাংলাদেশে আসেন।

'আওয়ামী লীগ সরকারের সময় বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে এসে অনেকেই রাজনৈতিক বক্তব্য দিতেন, যোগ করেন আইন উপদেষ্টা।

অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, কোটা সংস্কার আন্দোলনের

সময় গ্রেফতার ১৭ বছর বয়সি শিক্ষার্থী হাসনাতুল ইসলাম ফাইয়াজের মামলার তদন্ত দ্রুত শেষ করতে অনুরোধ করা হয়েছে।তদন্ত কার্যক্রম শেষ না হলে আইন মন্ত্রণালয়ের কিছু করার নেই।এ মামলায় ২ জনের ১৬৪ ধারায় জবানবন্দি আছে।সেটি ৮ মাসেও কেন প্রত্যাহার হয়নি সেটা সংশ্লিষ্টরা বলতে পারবেন।

তার ভাইকে কোনো আশ্বাস দেয়া হয়নি।বিচার প্রক্রিয়া সম্পর্কে অবহিত করেছি।

বিচারক উপদেষ্টা আসিফ নজরুল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:09

URL: https://www.timestodaybd.com/bangladesh/7758071096